

সংবাদ বিজ্ঞপ্তি

ন্যাশনাল কনফারেন্স ২০২৩: সেক্সুয়াল অ্যান্ড রিপ্ৰোডাক্টিভ হেলথ অ্যান্ড রাইটস অনুষ্ঠিত

ঢাকা, ৩ মে ২০২৩ : যৌন ও প্রজনন স্বাস্থ্য ও অধিকার নিয়ে জাতীয় সম্মেলন- 'ন্যাশনাল কনফারেন্স ২০২৩: সেক্সুয়াল অ্যান্ড রিপ্ৰোডাক্টিভ হেলথ অ্যান্ড রাইটস' ৩ মে ২০২৩ ইন্টারকন্টিনেন্টাল ঢাকা-তে অনুষ্ঠিত হয়। সম্মেলনটির আয়োজন করে অ্যাডভানসিং সেক্সুয়াল অ্যান্ড রিপ্ৰোডাক্টিভ হেলথ অ্যান্ড রাইটস (অ্যাডসার্চ) বাই আইসিডিডিআর,বি। এ বছর সম্মেলনের মূল প্রতিপাদ্য ছিল 'Showcasing Research through Ideas, Ingenuity and Innovations'। যৌন ও প্রজনন স্বাস্থ্য সুরক্ষায় নতুন গবেষণা ও উদ্ভাবনকে উৎসাহিত করা এবং গবেষক-উদ্ভাবক, আইনপ্রণেতা, পেশাজীবী ও তরুণদের একত্রিত করা ছিল সম্মেলনের অন্যতম উদ্দেশ্য। এবারের সম্মেলনে বাংলাদেশের যৌন ও প্রজনন স্বাস্থ্য বিস্তারে অসামান্য অবদান রাখার স্বীকৃতি স্বরূপ তিনজন বিশিষ্টজনকে 'এক্সিলেন্স ইন এসআরএইচআর অ্যাওয়ার্ড ২০২৩' প্রদান করা হয়।

এ বছর অধ্যাপক ডা এ এইচ এম তৌহিদুল আনোয়ার চৌধুরী, জাতীয় অধ্যাপক ডা শাহলা খাতুন ও বাংলাদেশের প্রজনন স্বাস্থ্য গবেষণা ও কর্মসূচির অগ্রদূতখ্যাত হালিদা আকতার হানুমকে এই সম্মাননায় ভূষিত করা হয়। যৌন ও প্রজনন স্বাস্থ্য ও অধিকার ও এ বিষয়ে উদ্ভাবন নিয়ে দুটি পৃথক বৈজ্ঞানিক সেশনের আয়োজন করা হয়। এতে বিশেষজ্ঞগণ সংশ্লিষ্ট বিষয়ে তাদের উপস্থাপনা তুলে ধরেন। গবেষণা ও উদ্ভাবনকে উৎসাহিত করার জন্য সম্মেলনের আগে গবেষণা ধারণাপত্র ও উদ্ভাবনী প্রস্তাবনা আহ্বান করা হয়েছিল। সেখান থেকে বাছাইকৃত সেরা গবেষণা ধারণাপত্র ও উদ্ভাবনী প্রস্তাবনাগুলো উপস্থাপন করা হয় এবং সেরাদেরকে পুরস্কৃত করা হয়। পরবর্তীতে বিজয়ীরা বছরব্যাপী বিশেষজ্ঞদের তত্ত্বাবধানে গবেষণা ও উদ্ভাবনের সুযোগ পাবেন। সম্মেলনে গবেষণা ও উদ্ভাবন নিয়ে স্টল আয়োজনের পাশাপাশি যৌন ও প্রজনন স্বাস্থ্য নিয়ে পোষ্টার প্রদর্শনী ছিল।

সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মো. আনোয়ার হোসেন হাওলাদার, সচিব হেলথ সার্ভিস ডিভিশন, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাইদুর রহমান, অতিরিক্ত সচিব, হেলথ সার্ভিস ডিভিশন, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, জো গুডিংস, হেড অব ডেভলপমেন্ট কর্পোরেশন, হাই কমিশন অব কানাডা, ঢাকা, শফিকুল ইসলাম, ডিরেক্টর জেনারেল, ন্যাশনাল ইন্সটিটিউট অব পপুলেশন রিসার্চ (নিপোর্ট)।

যৌন ও প্রজনন স্বাস্থ্য সুরক্ষায় ২০২১ থেকে গবেষণা ও উদ্ভাবন নিয়ে নিয়মিত কাজ করে যাচ্ছে গ্লোবাল অ্যাফেয়ার্স কানাডা (জিএসি)র সহায়তা পুষ্ট অ্যাডসার্চ আরো জানতে <http://adsearch.icddr.org/>

গণমাধ্যম যোগাযোগঃ

অনুভব চক্রবর্তী

কমিউনিকেশন স্পেশালিস্ট, ম্যাটারনাল অ্যান্ড চাইল্ড হেলথ ডিভিশন, আইসিডিডিআর,বি

ই-মেইলঃ anubhab.chakraborty@icddr.org মুঠোফোনঃ +৮৮ ০১৭৫৩-৭৯০৬২৭